

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৭২৫

৭/ সিয়াম বা রোয়া (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ৭/৩৭. জুমু'আহর দিন রোয়া রাখা

بَابِ فِي صِيَامِ يَوْمِ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ أَنَّبَانَا أَبُو دَاؤِدَ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ عَاصِمٍ عَنْ زَرِّ عَنْ عَبْدِ اللَّهِ  
بْنِ مَسْعُودٍ قَالَ قَلَّمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُفْطِرُ يَوْمَ الْجُمُعَةِ

বাংলা

৩/১৭২৫। 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি  
ওয়াসাল্লাম -কে জুমু'আহর দিন খুব কমই রোয়াহীন দেখেছি।

## English

It was narrated that 'Abdullah bin Mas'ud said:

"I rarely saw the Messenger of Allah (ﷺ) not fasting on a Friday."

## ফুটনোট

তিরিমিয়ী ৭৪২, সহীহ আবী দাউদ ৩১১৬, তালীক ইবনু খুয়াইমাহ ২১২৯।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী আসিম বিন বাহদালাহ সম্পর্কে আবু বকর আল-বায়ার বলেন,  
তিনি হাফিয ছিলেন না। তার হাদিস কেউ বর্জন করেছেন এমন কাউকে পায়নি। আবু জাফার আল উকায়লী  
বলেন, তার স্মৃতিশক্তি দুর্বল ছাড়া তার মাঝে অন্য কোন দোষ পাইনি। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি  
সিকাহ। ইসমাইল বিন উলাইয়্যাহ বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। তার স্মৃতিশক্তি দুর্বল। ইবনু হাজার  
আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন সাদ বলেন, তিনি  
সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহফীবুল কামালঃ রাবী নং ৩০০২, ১৩/৮৭৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=30850>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন